

ফ্যাটি লিভার

ফ্যাটি লিভার কি?

- ফ্যাটি লিভার অর্থ লিভারে চর্বি জমা।
- ফ্যাটি লিভারের প্রাদুর্ভাব পশ্চিমা বিশ্বে খুব বেশি।
- জাপান ও ইটালীতে মোট জনসংখ্যার ৩০% থেকে ৫৮% এর ফ্যাটি লিভার রয়েছে।
- আমাদের দেশেও আমরা প্রায়ই ফ্যাটি লিভারের রোগীদের দেখে থাকি।

ফ্যাটি লিভারের কারণ

- ফ্যাটি লিভারের কারণ বহুবিধ।
- ডায়াবেটিস রোগীদের এ রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি খুবই বেশি।
- ফ্যাটি লিভারের অন্যান্য উল্লেখযোগ্য কারণগুলোর মধ্যে রয়েছে অতিরিক্ত ওজন, উচ্চ রক্তচাপ, রক্তে চর্বি বেশী থাকা, থাইরয়েডের সমস্যা, ক্রনিক হেপাটাইটিস-সি এবং ইনসুলিন রেজিস্টেন্স।

ফ্যাটি লিভার হলে কি হয়?

- ফ্যাটি লিভারে আক্রান্ত অনেকেরই লিভারে ক্রনিক হেপাটাইটিস দেখা দিতে পারে যাকে আমরা বলি স্টিয়াটো হেপাটাইটিস।
- ফ্যাটি লিভার, লিভার সিরোসিস ও লিভার ক্যান্সারেরও অন্যতম প্রধান কারণ।
- হেপাটাইটিস-বি ভাইরাসের পর ফ্যাটি লিভারই এদেশে ক্রনিক হেপাটাইটিসের প্রধান কারণ।
- যে সমস্ত রোগীদের স্টিয়াটো হেপাটাইটিস আছে, তাদের প্রায় ৩০% এর পরবর্তী সময়ে লিভারে সিরোসিস দেখা দিতে পারে।
- আর এদের কেউ কেউ লিভার ক্যান্সারেও আক্রান্ত হতে পারেন।

ফ্যাটি লিভারের লক্ষণ

- অন্যান্য বেশিরভাগ ক্রনিক লিভার ডিজিজ রোগীদের মত ফ্যাটি লিভারের রোগীদেরও প্রায়ই কোন লক্ষণ থাকে না।
- কেউ কেউ পেটের ডান পাশে উপরের দিকে ব্যাথা বা অস্বস্তি, দুর্বলতা কিংবা খুব অল্পতেই ক্লান্ত হয়ে পরার কথা বলে থাকেন।
- শারীরিক পরীক্ষা-নিরীক্ষায় এদের প্রায় ৫০%-এর লিভার বড় পাওয়া যায়।
- ফ্যাটি লিভার নির্ণয়ে সবচেয়ে বেশী ব্যবহৃত পরীক্ষাটি হচ্ছে আল্ট্রাসোনোগ্রাম, যদিও সিটি স্ক্যান এক্ষেত্রে বেশী নির্ভরযোগ্য।
- তবে নিশ্চিত করে ফ্যাটি লিভার নির্ণয়ের পরীক্ষাটি হচ্ছে লিভার বায়োপসি।
- বায়োপসিতে একদিকে যেমন নির্ভুলভাবে ফ্যাটি লিভার ডায়াগনোসিস করা যায়, তেমনি পাশাপাশি লিভারে স্টিয়াটো হেপাটাইটিস এবং সিরোসিসের উপস্থিতি সম্বন্ধেও একমাত্র এই পরীক্ষাটির মাধ্যমেই নিশ্চিত হওয়া যায়।

ফ্যাটি লিভারের চিকিৎসা

- ফ্যাটি লিভার চিকিৎসার মূল লক্ষ্যই হচ্ছে লিভারে সিরোসিস ও ক্যান্সারের ঝুঁকি প্রতিরোধ করা।
- অতিরিক্ত মেদ কমানো ফ্যাটি লিভার চিকিৎসার একটি অন্যতম দিক।
- পাশাপাশি ফ্যাটি লিভারের কারণ নির্ণয় ও তার যথাযথ চিকিৎসা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

শেষ কথা

- একটা সময় ছিল যখন ধারণা করা হত হার্ট বা ব্রেনে চর্বি জমে হার্ট-এ্যাটাক বা স্ট্রোকের মত মারাত্মক রোগের সৃষ্টি করলেও লিভারের ক্ষেত্রে বিষয়টি তেমন নয়। কিন্তু বিগত দশকে সেই ধারণার আমূল পরিবর্তন এসেছে।
- বিশ্বের বিভিন্ন দেশে বৈজ্ঞানিক গবেষণায় এটি আজ প্রমাণিত যে ফ্যাটি লিভার, লিভারের অন্যতম প্রধান রোগ।
- ২০০২ সালেও যেখানে লিভার রোগের প্রধান বইগুলোতে ফ্যাটি লিভারের উপর আলাদা কোন চ্যাপ্টার ছিল না, সেখানে আজ লিভার রোগের যে কোন আন্তর্জাতিক কনফারেন্সে বা নামকরা জার্নালগুলোর অনেকখানিই জুড়ে থাকছে ফ্যাটি লিভার।
- সঠিক সময়ে এ রোগ নির্ণয় ও চিকিৎসার জন্য চিকিৎসক ও রোগী সবারই ব্যাপক সচেতনতার প্রয়োজন অনস্বীকার্য। কারণ শুরুতে ব্যবস্থা নিলে এ রোগ নিরাময়যোগ্য।

প্রচারে :



লিভার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার, বাড়ী নং- ৮/এ, রোড নং-১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকা-১২০৯
(সোবহানবাগ মসজিদের পশ্চিমে)

ফোরাম ফর দি স্টাডি অব দি লিভার, রুম নং-৬ (দ্বিতীয় তলা), বনানী সুপার মার্কেট
কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা-১২১৩

মোবাইলঃ ০১৯৭০৮০৮০২৯, ই-মেইল: <fsliver.bd@gmail.com>

ওয়েব সাইটঃ www.liverforumbd.org